# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ডেজার রক্ষণাবেক্ষণ বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।
টেলিফোনঃ ০২-৭৬৩০৫৬১, ফ্যাক্সঃ ৭৬৩০৫৩০
ইমেইল: xen.dredger.maintenance@gmail.com

**Office of the Executive Engineer**
Dredger Maintenance Division
BWDB, Narayanganj.
Telephone : 02-7630561, Fax : 7630530
E-mail : xen.dredger.maintenance@gmail.com


স্মারক নং-৪২.০১.৬৭০০.২৯৭.৪০.০০১.২৩.২৩৪ তারিখঃ ১০/০৭/২০২৫ খ্রি.

## ''সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়ন বিজ্ঞপ্তি''

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি/নবায়ন করা হবে। তত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার এই স্মারক নং-৪২,০১,০০০,০০৫.২২.০০৩.১৫-১৩৪, তারিখঃ ২০/০৭/২০২০ খ্রি মোতবেক নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপপরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ অনুকুলে অত্র দপ্তরের প্রাক্কলণ শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে হবে। আগ্রহী ব্যক্তিবর্গকে নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্র সহ আগামী ১৩-০৭-২০২৫ খ্রি. হতে ১৪-০৮-২০২৫ খ্রি. পর্যন্ত বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

ঠিকাদার/সরবরাহকারী নবায়নের আবেদনের তফসিলঃ

| ক্রমিক নং | ঠিকাদার/সরবহগ্রাহকারী তালিকাভুক্তির ও নবায়নের ধরণ | তালিকাভুক্তির ও নবায়ন আরম্ভের তারিখ | তালিকাভুক্তির ও নবায়ন গ্রহনের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | ঠিকাদার/সরবরাহকারী ২০২৫-২০২৬ অর্থ বছরের তালিকাভূতি ও নবায়ন | ১৩-০৭-২০২৫ খ্রি. | ১৪-০৮-২০২৫ খ্রি. |

ঠিকাদার তালিকাভূক্তির (কার্য-ক্রয় ও পণ্য) প্রয়োজনীয় নির্দেশনাবলী-

| ক্রঃ নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ১। | আবেদনের যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩। ২৫ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদ/বিবরণী, ৫। পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি, ৬। প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা, ৭। ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০/-(তিনশত) টাকায় স্ট্যাম্পের অধিকার নামা ৮। অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে। |
| ২। | আবেদন ফি | ৫০০/- (পাঁচশত) টাকায় অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ অনুকুলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে হবে। |
| ৩। | তালিকাভূক্তি নিবন্ধন ফি (প্রাথমিক মূল্যায়নের উত্তীর্নের পরে) | নিবন্ধন ফি ৫০০০/-(পাঁচ হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর উপর অতিরিক্ত ১৫% হারে সংযোজন কর বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য পৃথক দুটি পে অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ অনুকুলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

ঠিকাদার নবায়নের প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ-

| ক্রঃ নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ১। | আবেদনের যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। ৩। নির্ধারিত আবেদন পত্র। |
| ২। | নবায়ন ফি | নিবন্ধন ফি ২০০০/-(দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর উপর অতিরিক্ত ১৫% হারে সংযোজন কর বাবদ ৩০০/- (তিনশত) টাকায় অফেরতযোগ্য পৃথক দুটি অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাক ড্রাফট উপপরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ অনুকূলে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে পরিশোধ করতে হবে। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই স্বপক্ষে কোন কারণ দর্শানো ব্যাতিরেকে আবেদন গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডারে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

১০/৭/২০২৫
**(সুজয় কুমার সাহা)**
পরিচিতি নং-৮৭১১২৫০০১
নির্বাহী প্রকৌশলী
ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

স্মারক নং- ৪২.০১.৬৭০০.২৯৭.৪০.০০১.২৩.২৩৪ (১২) তারিখঃ ১০/০৭/২০২৫ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। অতিঃ প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। সিএস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৭। নির্বাহী প্রকৌশলী, ড্রেজার স্টোর বিভাগ/ড্রেজার অপারেশন বিভাগ/মানিকগঞ্জ ড্রেজার অপারেশন বিভাগ/চট্টগ্রাম ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ/মানিকগঞ্জ/চট্টগ্রাম।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৯। উপ-পরিচালক, ড্রেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ।
১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, ড্রেজার রক্ষণাবেক্ষণ/ওয়ার্কশপ উপ-বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
১১। প্রাক্কলনিক/উপ-সহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট), ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ। তাহাকে ঠিকাদার তালিকাভূক্তি/নবায়ন ফরম ও আবেদনপত্র গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
১২। নথি।

১০/৭/২০২৫
নির্বাহী প্রকৌশলী
ড্রেজার রক্ষণাবেক্ষণ বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।